গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**প্রকল্প পরিবীক্ষণ ছক**

**পরিদর্শনের তারিখ: ০৯/০৫/২০১৮ খ্রি:**

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম: জনাব পুলক কান্তি বড়ুয়া পদবী : পরিচালক (উপসচিব) সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১**

**ক. প্রকল্পের মৌলিক তথ্য:**

১. প্রকল্পের নাম: ডিজাইন, সাপ্লাই, ইন্সটেলশন, টেস্টিং এ্যান্ড কমিশনিং অফ নিউ ৩৩ কেভি জিআইএস এ্যান্ড ১১ কেভি এআইএস সুইচগিয়ার এ্যান্ড শিফটিং অফ ৩৩ কেভি এ্যান্ড ১১ কেভি ফিডারস ফ্রম এক্সিস্টিং ইনডোর এ্যান্ড আউটডোর ইন্সটেলশন এ্যাট শ্যামপুর ১৩২/৩৩/১১ কেভি সাব-স্টেশন টু দি নিউ বিল্ডিং অন টার্ণকী বেসিস।

২. প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): ডিপিডিসি'র নিজস্ব অর্থায়ন

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়..........................................................................

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ(%) |
| মূল | ৩,২৬১.৮৩ | - | - | ৩,২৬১.৮৩ | ১৩.০৯.১৫-১২.০৯.১৬ | ১৮.০৯.১৪ | ০% | |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় ........প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | ২৮.০২.১৭<br>৩১.০৮.১৭<br>৩০.০৬.১৮ | | | ৪৬.৩০%<br>৩৪.৪৬%<br>৪২.২০% |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ০.০০%

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ১২২.৯৬%

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | - | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - |

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- শ্যামপুর, পোস্তগোলা, শ্যামপুর বিসিক শিল্প এলাকা, ফতুল্লা এবং তৎসংলগ্ন এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।
- ২৫ বছরের অধিক পুরাতন ৩৩ কেভি সুইচগিয়ার সমূহ আধুনিক প্রযুক্তির নতুন এবং উচ্চ ক্ষমতার সুইচগিয়ার দ্বারা প্রতিস্থাপন কাজ।
- ২৫ বছরের অধিক পুরাতন ১১ কেভি সুইচগিয়ার সমূহ আধুনিক প্রযুক্তির নতুন এবং উচ্চ ক্ষমতার সুইচগিয়ার দ্বারা প্রতিস্থাপন কাজ।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | | | বাস্তব (পরিমাণ /সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| | | | | | | | | | ৯৪% | ৯৭% |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৬-১৭ | | | | |
| ২০১৭-১৮ | | | | |

১০. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| | | | | | |

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| | তত্ত্বাবধায়ক প্রকৌশলী গ্রীড ও এন্ড এম সার্কেল (দক্ষিণ), ডিপিডিসি | | অতিরিক্ত | না | - |

১২. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: অডিট হয়নি

১৪. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

১৫. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে):

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা: শ্যামপুর ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র, শ্যামপুর, ঢাকা

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: প্রযোজ্য নয়

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন:

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- সম্পাদিত কাজ: ৯৮%
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: ৩৩ কেভি ও ১১ কেভি সুইচগিয়ার ও ৩৩ কেভি ও ১১ কেভি পাওয়ার ক্যাবল।

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে):

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রেখে প্রতিস্থাপন কাজটি সম্পাদন করতে ঝুঁকি নিয়ে নির্মাণ কাজটি বাস্তবায়ন করতে হয়েছে। চাহিদা মোতাবেক সময় ও তারিখে বিদ্যুৎ বন্ধ করা যায়নি বিধায় প্রজেক্ট শেষ করতে বেশি সময় প্রয়োজন হয়েছে। তাছাড়া বিদেশ হতে মালামাল আমদানী ও পরিদর্শন কাজে ভিসা জটিলতা হয়েছিল।




চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে):

১৮. **সার্বিক পর্যবেক্ষণ:** আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক গত ০৯/০৫/২০১৮ খ্রি: তারিখে "ডিজাইন, সাপ্লাই, ইন্সটেলেশন, টেস্টিং এ্যান্ড কমিশনিং অফ নিউ ৩৩ কেভি জিআইএস এ্যান্ড ১১ কেভি এআইএস সুইচগিয়ার এ্যান্ড শিফটিং অফ ৩৩ কেভি এ্যান্ড ১১ কেভি ফিডারস ফ্রম এক্সিস্টিং ইনডোর এ্যান্ড আউটডোর ইন্সটেলশন এ্যাট শ্যামপুর ১৩২/৩৩/১১ কেভি সাব-স্টেশন টু দি নিউ বিল্ডিং অন টার্ণকী বেসিস। " প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় প্রকল্প পরিচালক জানান যে, শ্যামপুর সাবস্টেশনটি ঢাকার অন্যতম বৃহৎ সাবস্টেশন এবং এখান থেকে নিউ শ্যামপুর, বিসিক, পোস্তাগোলা, ফতুল্লা, শ্যামপুর, লোহারপুরসহ বিভিন্ন এলাকায় স্থাপিত ক্ষুদ্র, মাঝারী ও বৃহৎ সকল ধরণের শিল্প কারখানায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। এসব এলাকায় উল্লেখ্যযোগ্য পরিমাণ স্টিল মিল, টেক্সটাইলমিলস ও ইগলু ফ্যাক্টরী ছাড়াও প্রচুর সংখ্যক বাসস্থান রয়েছে।

এখানে ৩৩ কেভি জিআইএস এবং ১১ কেভি এআইএস উভয় রকমের সাবস্টেশন রয়েছে। ৩৩ কেভি জিআইএস এ ৪টি গ্রিড ট্রান্সফরমার ও ২৭টি সুইচ গিয়ারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ১১ কেভি এআইএস সাবস্টেশনে ৪২টি প্যানেলের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের কাজ চলছে। পরিদর্শনকালে দেখা যায়, এলাকায় বায়ু দুষনের পরিমাণ অত্যধিক এবং প্রায়ই ধোঁয়াশে অবস্থা বিরাজ করে। তাছাড়া স্টিলমিল থেকে কার্বন নি:সরণের কারণে সাবস্টেশনের ধাতব সরঞ্জামসমূহ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে বলে জানা যায়। প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত বিভিন্ন তথ্যাবলী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাযথভাবে সরবরাহ করতে সক্ষম হয়নি।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

| চিত্র-১: কন্ট্রোল প্যানেলের কার্যক্রম পরিদর্শন | চিত্র-২ শ্যামপুর সাব-স্টেশনের ট্রান্সফর্মার |
|---|---|
|  |  |
| চিত্র: ৩ নতুন স্থাপিত জিআইএস প্যানেল | |
|  | |

**২০. সুপারিশ/মতামত:**

২০.১ প্রকল্পটির মেয়াদ আগস্ট, ২০১৮ এ শেষ হবে। তাই এ সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য কাজের গতি ত্বরান্বিত করতে হবে;

২০.২ প্রকল্প এলাকায় বায়ু দূষণ মারাত্মক এতে জনস্বাস্থ্যের ক্ষতিসহ প্রকল্পের বিভিন্ন অংগের কাজও ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় এতদ সম্পর্কিত সম্যক ধারণা গ্রহণ করে প্রকল্প এলাকায় সবুজ বেষ্টনী গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৩ কার্বন নি:সরণজনিত সমস্যার কারণে যাতে সাবষ্টেশনের সরঞ্জাম ক্ষতিগ্রহ না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং প্রকল্প শেষে যাতে বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্ষতিগ্রস্থ না হয় সে জন্য এখন থেকে তার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২০.৪ প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত তথ্যাবলী সর্বদা হালনাগাদ রাখতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমূহকে যথাসময়ে প্রদান করতে হবে;

২০.৫ প্রকল্পের অডিট যথাসময়ে সম্পন্ন করতে হবে;

২০.৬ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়ে পর্যায়ে যথাসময়ে মনিটরিং কাজ সম্পন্ন করতে হবে;

২০.৭ উপরোক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণপূর্বক এ সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কে অবহিত করতে হবে।

<u>পরিদর্শনকারী কর্মকর্তা</u>

স্বাক্ষর.......২৮/০৫/২০১৮......

নাম: পুলক কান্তি বড়ুয়া

পদবী: পরিচালক

তারিখ: ২৮/০৫/২০১৮

ফোন নম্বর : ৯১১০৪১৩